

# সিজিপি শর্ত শিথিল করল ঢাবি

ঢাবি প্রতিবেদক

২৮ সেপ্টেম্বর ২০২৩, ০৮:১৩ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রমোশনের জন্য বিদ্যমান সিজিপি শর্ত শিথিল করে সব অনুষদের জন্য অভিন্ন সিজিপি চালু করেছে কর্তৃপক্ষ। এখন থেকে সিজিপি ২.০০ পেলেই ওই শিক্ষার্থীকে কৃতকার্য বিবেচনা করা হবে।

গতকাল বুধবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এর আগে গত মঙ্গলবার একাডেমিক কাউন্সিলের সভায় ডিনস্ কমিটি এই প্রস্তাবের অনুমোদন দেয়।

সভায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালসহ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্যরা।

সিন্ডিকেট সদস্য ও বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আব্দুস ছামাদ  
বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, ২০২২-২৩ শিক্ষাবর্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের সব অনুষদে সর্বনিম্ন ২.০০  
জিপিএ-সিজিপিএ পেলে পরবর্তী বর্ষে প্রমোশনের সুযোগ থাকবে। যা বর্তমানে অনুষদ ও  
বর্ষভিত্তিক ভিন্ন রয়েছে। সব বিভাগেই এটি অভিন্ন থাকবে। শিক্ষার্থীদের কথা বিবেচনা  
করে সিন্ডিকেট এটি চূড়ান্ত করেছে।

উল্লেখ্য, চলতি বছরের বিভিন্ন সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত  
কলেজের শিক্ষার্থীদের একাংশ সিজিপিএ শর্ত শিথিলের দাবি জানিয়ে বিভিন্ন কর্মসূচি  
পালন করে আসছিল। এর আগে গত ৪ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বাহলুল  
হক চৌধুরীর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে তাদের জন্যও প্রমোশনের ক্ষেত্রে সিজিপিএ ২.০০  
নির্ধারণ করা হয়।